

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - তাহারাত বা পবিত্রতা রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৩১. কর্তিত নখ চুল কী করবে?

কৰ্তিত এসব নখ ও চুল মাটিতে পুঁতে ফেলা মুস্তাহাব।

নখ ও চুলের বিবিধ ক'টি মাসআলা

- ১. নখ বা চুল কাটলে ওযু নষ্ট হয় না, যদি লিঙ্গ স্পর্শ না করে ।
- ২. নখ কাটার পর আঙ্গুলের মাথা ধৌত করা মুস্তাহাব। কথিত আছে যে, নখ কাটার পর আঙ্গুলের মাথা না ধুয়ে শরীর চুলকালে এতে স্বাস্থ্যের ক্ষতি হয়।
- ৩. ওযূর ধারাবাহিকতার সাথে কিয়াস করে ফকীহগণ বলেন যে, আগে হাতের এবং পরে। পায়ের নখ কাটা মুস্তাহাব। অনুরূপভাবে আগে ডান, অতঃপর বাম হাতের নখ এবং তারপরে ডান পা ও সর্বশেষে বাম পায়ের নখ কাটবে।
- 8. কেউ কেউ বলেছেন, যেহেতু শাহাদাত অঙ্গুলি দিয়ে মানুষ আল্লাহর একত্ববাদের স্বীকৃতি দেয় সেহেতু এ আঙ্গুলটির নখ আগে কাটা উত্তম। তবে এ ক্রমধারা আগে-পরে হলে গোনাহ হবে না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12763

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন